হত্যা মামলায় জামিন পেয়ে আদালতে জয় বাংলা স্লোগান আইভীর



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জে জুলাই গণঅভ্যুত্থানের সময় তুহিন হত্যা মামলায় সিটি করপোরেশনের সাবেক মেয়র ডা. সেলিনা হায়াৎ আইভীকে পুনরায় জামিন দিয়েছেন আদালত। মঙ্গলবার (১৩ অক্টোবর) জেলা ও দায়রা জজ আদালতের বিচারক আবু শামীম আজাদ শুনানি শেষে এ আদেশ দেন। মামলার পরবর্তী শুনানি ১২ ডিসেম্বর।

আইনজীবীদের সঙ্গে আদালতে হাজির হয়ে আইভী প্রাঙ্গণে 'জয় বাংলাকে দাবিয়ে রাখা যাবে না' স্লোগান দেন। তাঁকে ঘিরে আদালত এলাকায় নিরাপত্তা জোরদার করা হয়।

মামলার এজাহারে ৯৯ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাতনামা আরও ৩০০ জনকে আসামি করা হয়েছে। এতে সাবেক সংসদ সদস্য শামীম ওসমান এক নম্বর এবং আইভী ১১ নম্বর আসামি।

আইভীর আইনজীবী অ্যাডভোকেট আওলাদ হোসেন জানান, পুলিশের দাখিল করা চূড়ান্ত প্রতিবেদন ও জামিনের বিষয়ে শুনানি শেষে আদালত এ আদেশ দেন।

জুলাই গণঅভ্যুত্থানের সময় হত্যা ও হত্যাচেষ্টার অভিযোগে নারায়ণগঞ্জের বিভিন্ন থানায় করা ১২টি মামলায় আসামি ছিলেন আইভী। এক বছর কারাভোগের পর উচ্চ আদালত থেকে সব মামলায় জামিন পান তিনি।